রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, মে ৫, ২০১১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ বৈশাখ ১৪১৮বঙ্গাব্দ/২ মে ২০১১ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১০৬-আইন/২০১১।**—Forest Act, 1927 (Act No. XVI of 1927) এর section 28A এর sub-section (4) ও (5) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার সামাজিক বনায়ন বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর দফা (ঙ) এ উল্লিখিত "নিবন্ধিত" শব্দটির পর "জনকল্যাণ বা সমাজকল্যাণে নিয়োজিত" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(২) বিধি ৬ এর উপ-বিধি (২) এর দফা (ছ) এ উল্লিখিত "সন্তান" শব্দটির পরিবর্তে "উত্তরাধিকারী" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ১৫ এর উপ-বিধি (২) এর দফা (খ) এ উল্লিখিত "প্রাকৃতিক" শব্দটির পূর্বে "ম্যানগ্রোভ বন, রাবার বাগান এবং" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(৪) বিধি ২০ এর—

(ক) উপ-বিধি (২) এর দফা (ক) এ উল্লিখিত "উডলট" শব্দটির পর নিম্নরূপ কমা এবং শব্দগুলি সন্নিবেশিত হইবে, যথা ঃ—

",রাবার বাগান হইতে উৎপাদিত ল্যাটেক্স ও ফল";



**মূল্য ঃ** টাকা ২.০০

(খ) উপ-বিধি (২) এর দফা (ছ) এ উল্লিখিত "বনায়নের" শব্দটির পর নিম্নরূপ শব্দগুলি সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"অথবা উপকূলীয় বনভূমিতে ম্যানগ্রোভ বনায়নের পর উক্ত ম্যানগ্রোভ বাগানে নিয়ন্ত্রিতভাবে উৎপাদিত মধু, মৎস্য, হোগলা পাতা ও ঘাসের";

(গ) উপ-বিধি (৩) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ ও উপ-বিধি (৪) সংযোজিত হইবে, যথা ঃ—

"তবে শর্ত থাকে যে, উডলট বা কৃষি বনায়নের ক্ষেত্রে সর্বোচ্চ ১ (এক) একরের জন্য ১(এক) জন উপকারভোগী এবং স্ট্রিপ প্লানটেশনের ক্ষেত্রে প্রতি কিলোমিটারের জন্য সর্বনিম্ন ৫ (পাঁচ) জন উপকারভোগী নিয়োগ করিতে হইবে।

(৪) পরিবেশ সংরক্ষণের লক্ষ্যে আবর্তকাল উত্তীর্ণ গাছ আহরণকালে বাগানের ন্যূনতম ১% (এক শতাংশ) গাছ, বন কর্মকর্তার পরামর্শক্রমে, সংরক্ষণ করা যাইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মেছবাহ উল আলম**
ভারপ্রাপ্ত সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd